03 SEP 2016

তারিখ ... পৃষ্ঠা ২৪ ... কলাম ... ৬

যুগান্তর

চট্টগ্রামের উন্নয়ন

# ড. ইউনূসের ভূমিকা নিয়ে বিতণ্ডায় চবি ও ইস্ট ডেল্টার ভিসি

**চট্টগ্রাম ব্যুরো**

নিজ জন্মস্থান চট্টগ্রামের উন্নয়নে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসের ভূমিকা নিয়ে বাকবিতণ্ডায় জড়ালেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ভিসি অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী ও ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মুহাম্মদ সিকান্দার খান। শুক্রবার চট্টগ্রাম প্রেস ক্লাবের ইঞ্জিনিয়ার আবদুল খালেক মিলনায়তনে হালদা রক্ষা কমিটি আয়োজিত আলোচনা সভা ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চবি ভিসি ইউনূসকে নিয়ে প্রশ্ন তুললে এর জবাব দেন ইস্ট ডেল্টার ভিসি। এ সময় দু'জনের মধ্যে এ বিতণ্ডার সূত্রপাত হয়।

চবি ভিসি অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী বলেন, ড. ইউনূসকে নিয়ে অনেকে অনেক কিছু বলেন। ড. ইউনূস আমাদের চট্টগ্রামের জন্য একটি সামাজিক ব্যবসা যদি শুরু করেন, হালদা নদী রক্ষার জন্য কোনো প্ল্যান নিতেন তাহলে চট্টগ্রামবাসী উপকৃত হতো। এখানে ড. সিকান্দার স্যার আছেন। ড. ইউনূস লাখ লাখ ডলারের ব্যবসা করছেন। কিন্তু চট্টগ্রামের জন্য কিছুই করেননি। এরপর অনুষ্ঠানের সভাপতি ও ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মুহাম্মদ সিকান্দার খান চবি ভিসির ইউনূস সম্পর্কিত বক্তব্যের জবাব দেন। ড. সিকান্দার খান বলেন, ড. ইউনূস চট্টগ্রামে জন্মগ্রহণ করেছেন। সেই ইউনূসের চট্টগ্রামের জন্য অবদান রাখার সুযোগ হয়নি। লাখ লাখ ডলারের কথাটি সঠিক নয়। তিনি যা করেছেন তা হল তার থিউরির পরীক্ষিত ফর্মুলা বিভিন্ন দেশকে দিয়েছেন। যেমন গ্রামীণ ব্যাংকের ক্ষুদ্রঋণ প্রকল্প। এ প্রকল্পের মূল বিষয় হল গরিব মানুষকে ঋণ দেয়া যায়। যেটি তিনি প্রমাণ করেই নোবেল পুরস্কার পেয়েছেন। তিনি বলেন, এখন সামাজিক ব্যবসার কথা বলা হচ্ছে। এ বিষয়টি এখন পরীক্ষার সময় চলছে। এটিও হালদাপাড়ের মানুষের কাজে আসবে। তারা হালদা রক্ষা করতে পারবে। কিন্তু আমাদের দেশে সামাজিক ব্যবসার সুষ্ঠু পরিবেশ নেই।

'হালদা নদীর বর্তমান প্রেক্ষাপট এবং করণীয়' শীর্ষক সভায় জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন ও চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের (সিইউজে) সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীকে হালদা রক্ষায় ভূমিকার জন্য সংবর্ধনা দেয়া হয়। এতে আলোচনা করেন চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সভাপতি আবু সুফিয়ান, টিভি জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সভাপতি শামসুল হক হায়দারী, জেলা প্রশাসন কার্যালয়ের কর্মকর্তা খোরশেদ আলম, অধ্যাপক ইদ্রিস আলী, অধ্যাপক আবু নোমান, শিকারপুর ইউনিয়ন চেয়ারম্যান আবু বকর সিদ্দিক প্রমুখ।

সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন হালদা রক্ষা কমিটির সভাপতি ও চট্টগগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মনজুরুল কিবরিয়া। সঞ্চালনায় ছিলেন চট্টগ্রাম প্রেস ক্লাবের যুগ্ম সম্পাদক চৌধুরী ফরিদ।